# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (সেক্টর) প্রকল্প (IUGIP)**

**শহর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্যবিবরণী**

**স্মারক নং-খাঃ পৌঃ কা:/১২৬৯** **তারিখ: ২৭-০৯-২০২৩খ্রি.**

**সভাপতি : জনাব নির্মলেন্দু চৌধুরী**
**মেয়র, ও চেয়ারপার্সন, শহর সমন্বয় কমিটি, (TLCC) খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।**

**সভার নম্বর : ৭ম পৌর পরিষদের ১১ তম সভা।**

**সভার স্থান : পৌর সম্মেলন কক্ষ।**

সভার তারিখ, বার ও সময় : ২৭/০৯/২০২৩ খ্রি. রোজ বুধবার **সকাল: ১১.৩০ টায়**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে অনুমোদন দেয়া হয়।

স্বাগত বক্তব্যে সভাপতি জনাব নির্মলেন্দু চৌধুরী বলেন, দীর্ঘ প্রতিক্ষার পর অবশেষে খাগড়াছড়ি পৌরসভা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে নতুন প্রকল্প নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এ অর্ন্তভূক্ত হয়েছে। এ অর্জন সম্ভব হয়েছে আপনাদের সকলের সহযোগীতা ও অংশগ্রহণের কারণে। নতুন এ প্রকল্পের অধীনে ইতিমধ্যে মিলনপুর রাস্তা, খবংপড়িয়া রাস্তা ও ড্রেন, মহিলা কলেজ রোড, শালবন এলাকায় ৩টি রাস্তা, কুমিল্লাটিলা এলাকায় ৩টি রাস্তা, পশ্চিম ও পূর্ব মহাজনপাড়া রাস্তা এই কয়টি কাজ ইতিমধ্যে ইজিপিতে অন এয়ারে আছে। কাজগুলো ঠিকাদারকে বুঝিয়ে দেয়ার পূর্বে আপনাদের সাথে নিয়ে সরজমিনে প্রকল্প এলাকা ভিজিটের ব্যবস্থা নেয়া হবে। পৌরসভার সার্বিক উন্নয়নে সকলের অংশগ্রহন ও সহযোগীতা জরুরী। তিনি বিভিন্ন এলাকার উন্নয়নের স্বার্থে চলমান কাজের অবস্থা সভায় তুলে ধরেন। ইতিমধ্যে পৌর টার্মিনাল সম্প্রসারণের জন্যে পাঁচ একর ভূমি অধিগ্রহণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং মহোদয় খাগড়াছড়ি সদরে আসলে উনাকেও পর্যটন নগরী খাগড়াছড়িতে আগত পর্যটকবাহী গাড়ির পৌর টার্মিনালে সংকুলান হয়না বিষয়টি অবগত করা হয়েছে এ বিষয়ে তিনি সহযোগিতার আশ্বাস দিয়েছেন কোথাও থেকে বরাদ্ধ পাওয়া গেলে আমরা দ্রুত পদক্ষেপ নিবো। টমটমের বিষয়ে তিনি জানান জেলা প্রশাসনের সাথে সমন্বয়ের মাধ্যমে ইতিমধ্যে পৌরসভায় নির্দিষ্ট কমিটির বৈঠক হয়েছে ইউনিয়নের গাড়িসমূহ পৌর এলাকার বাহিরে চলাচল করবে পৌরসভার রেজিস্ট্রেশনভুক্ত গাড়ি সমূহ

পৌর এলাকা ব্যতিত বাহিরে চলাচল করবে না। আগামী জুন-২০২৪ইং এর পর পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে রাস্তা এবং ড্রেনের সিংহভাগ কাজ শেষ করা হবে। ডেঙ্গু প্রতিরোধে আরও ব্যাপকভাবে মশা নিধনের জন্য ঔষধ স্প্রে করার কাজ চলমান রয়েছে এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।

অতঃপর সবাইকে অদ্যকার সভার আলোচনায় সক্রিয় অংশগ্রহন করার জন্য অনুরোধ জানিয়ে স্বাগত বক্তব্য শেষ করেন।

IUGIP সংক্রান্তঃ

১. আলোচ্যসূচী - নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহন।
২. আলোচ্যসূচী - নগর পরিকল্পনা ।
৩. আলোচ্যসূচী - নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অর্ন্তভূক্তিকরণ।
৪. আলোচ্যসূচী - স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি।
৫. আলোচ্যসূচী - আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়ীত্বশীলতা।
৬. আলোচ্যসূচী - প্রশাসনিক স্বচ্ছতা।
৭. আলোচ্যসূচী - বিবিধ।
৮. ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ১.১ | • TLCCগঠন ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা)<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ | • নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভার কার্য পত্র প্রণীত ও প্রকাশিত এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করণ | TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ সহ আগামী ০৫/১০/২০২৩ খ্রি. এর মধ্যে PMO তে প্রেরণ করা হবে। | • পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত ও অগ্রগতি পরবর্তী সভায় পর্যালোচনা করা হয়।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুসারে গত ১৮/০২/২০২১ খ্রি. তারিখের ৭ম পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৫০ সদস্য বিশিষ্ট TLCC কমিটি গঠন করা হয়।<br><br>**TLCCকমিটি**<br>পদবী \| সংখ্যা \| কমিটিতে পদবী | • TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ যথাসময়ে PMO তে প্রেরণ করা হবে। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার<br>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা</th><th>পরবর্তী<br>করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত<br>ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>এবং PMO তে প্রেরণ করা।</td><td></td><td></td><td><table>
<tr><th>মেয়র</th><th>১ জন</th><th>চেয়ারপার্সন</th></tr>
<tr><td>কাউন্সিলর</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি</td><td>৮টি</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি প্রতিনিধি</td><td>৫ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>এনজিও বেসরকারি সংস্থার প্রতিনিধি</td><td>৪ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি</td><td>৭ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সচিব, পৌরসভা</td><td>১ জন</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
<ul><li>যথাসময়ে TLCC সভা অনুষ্ঠিত হয়। কার্যবিবরণী প্রস্তুত এবং সদস্যদের মধ্যে বিতরণ সহ PMO তেপ্রেরণ করা হয়েছে।</li>
<li>১৪/০৯/২০২৩ খ্রি. তারিখ TLCC সভার নোটিশ প্রদান করা হয়।</li></ul></td><td></td><td></td></tr>
<tr><td></td><td>• WCগঠন/</td><td>• নিয়মিত ব্যবধানে</td><td>• WC সভা সমূহ</td><td>• সকল ওয়ার্ডের WC সভার সমূহ</td><td>• WC সভার সভা</td><td>নির্বাহী</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা।<br>• ওয়ার্ড কমিটির (WC) সুপারিশ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভা আয়োজিত ও রেকর্ড সংরক্ষিত এবং পৌরসভাকে অবহিত করণ</td><td>যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ওয়ার্ড কমিটির সদস্যদের সহযোগীতায় প্রতিটি ওয়ার্ডের বাড়ি বাড়ি গিয়ে পৌর কর পরিশোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে সকল কাউন্সিলরবৃন্দ নিজ নিজ ওয়ার্ডে প্রকল্প অফিস থেকে বরাদ্দকৃত থ্রী-হুইলার ভ্যান গাড়িতে করে আবর্জনা অপসারনের বিষয়ে মনিটরিং করার সিদ্ধান্ত হয়।</td><td>যথা সময়ে সম্পন্ন করা হয়েছে। কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সকল সদস্য কে বিতরণ করাসহ রিপোর্ট প্রেরণ করা হবে।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারাঅনুসারে গত ১৮/০২/২০২১খ্রি.তারিখের ৭ম পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৯টি ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট ৯টি WC কমিটি গঠন করা হয়।<br>WCকমিটি
<table>
<tr><th>পদবী</th><th>সংখ্যা</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>সংশ্লিষ্ট কাউন্সিলর</td><td>১ জন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>মহিলা কাউন্সিলর</td><td>১ জন</td><td>সহ-সভাপতি</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি</td><td>০১ জন মহিলাসহ</td><td>সদস্য</td></tr>
</table></td><td>সমূহ যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী।</td></tr>
</table>

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | এছাড়া ও স্ব স্ব ওয়ার্ড কমিটির মিটিংয়ে পরিস্কার পরিচ্ছন্নতা, পৌরকর আদায়, জন্মনিবন্ধন, মা ও শিশু টিকা কাঁযক্রম, অনুমোদন সাপেক্ষে পরিকল্পিত ইমারত নির্মান, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বিভিন্ন প্রকার সেবা ইত্যাদি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে কাঁযক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। | সংগঠন \| ০২ জন \|<br>সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী \| ১ জন \| সদস্য সচিব<br>● সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান অত্র পৌরসভার ৯টি ওয়ার্ডের WC কমিটির সভা উক্ত সভা সমূহের কার্যবিবরণী পিএমও তে রির্পোট আকারে প্রেরণ করা হবে ও সদস্যদের মাঝে বিতরণ করা হবে। | | |
| ১.২ | ● নাগরিক সনদ (CC) প্রণয়ন ও বাস্তবায়ন<br>● প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা।<br>● পরিবর্তন | ● নাগরিক সনদ প্রণীত এবং TLCC ও পৌরসভাপরিষদ কর্তৃক অনুমোদিতপৌরসভা অফিস ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নাগরিকসনদপ্রদর্শি | ● পৌরসভার সম্মুখসহ শহরের তিনটি গুরুত্বপূর্ন পয়েন্টে চেঙ্গী স্কোয়ার, স্বনির্ভর বাজারে প্রদর্শনীর জন্য স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● পৌরসভা প্রাঙ্গনে দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে। | ● কার্যক্রম অব্যাহত রাখা হবে। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা, MCC গণযোগাযোগ সেলের সভাপতি ও পিএ তথ্য অধিকার |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | সংযোজনপূর্বক TLCC ও মাসিক সভায় অনুমোদন ও পৌরসভা অফিসে প্রদর্শন করা। | ত এবং নির্ধারিত সেবা প্রদান। | | | | আইন অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ১.৪ | • তথ্য ও অভিযোগ প্রতিকার (GRC) সুনির্দিষ্ট কার্য পরিধিসহ গঠন/ প্রাপ্ত অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।<br>• প্রাপ্ত অভিযোগ/ সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌর পরিষদের মাসিক ও TLCC এর ত্রৈমাসিক সভায় আলোচনা | • পৌরসভা অফিসে অভিযোগ প্রতিকার বাক্স স্থাপিত<br>• নিয়মানুযায়ী অভিযোগ, প্রতিকার সেল গঠিত<br>• প্রয়োজন অনুযায়ী সভা আয়োজিত, GRC কার্যক্রম TLCC কে অবহিত করণ | • এই কমিটির মাধ্যমে পরবর্তীতে কার্যক্রম অব্যাহত রাখার ও কমিটিকে আরো কার্যকরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • চলমান কোয়ার্টারে বিভিন্ন বিষয়ে মোট ০৭ টি অভিযোগ পাওয়া যায়। যার মধ্যে নারী অভিযোগকারী ছিলেন ০২-জন, পুরুষ অভিযোগকারী ছিলেন-০৫ জন। প্রাপ্ত অভিযোগের মধ্যে গুরুত্বপূর্ণ ০১ টি অভিযোগ বাছাই করে নিষ্পন্ন করা হয় যার মধ্যে মহিলা জন, পুরুষ জন। অভিযোগ নিষ্পত্তির জন্য সপ্তাহে দুই দিন ধার্য করার সুপারিশ করা হয়। | • সভাপতি/ প্যানেল মেয়র-০১ এর সভাপতিত্বে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC)এর অভিযোগ বক্স খোলা ও প্রাপ্ত অভিযোগ সমূহ নিষ্পত্তির লক্ষে সপ্তাহে দুই দিন দিন ধার্য্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক Grievance Redress Cell (GRC) |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | করা। | | | | | |

**ক্ষেত্র - ২ ঃ নগর পরিকল্পনা (Urban Planning) ও অবকাঠামো উন্নয়ন**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ২.১ | • পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) প্রণয়ন ও বাস্তবায়ন | • PDP অনুসারে IUGIP-প্রকল্পের সকল উন্নয়ন কার্যক্রম গৃহীত। | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত হচ্ছে।<br>• IUGIP-প্রকল্পের জন্য ইতিমধ্যে ওয়ার্ড পর্যায়ে এফজিডি, ওয়ার্ড ভিশনিং, পৌরসভা ভিশনিং এবং ওয়ার্ড কমিটির সভা শেষ হয়েছে। ওয়ার্ড পর্যায়ে প্রাপ্ত তথ্য ও চাহিদার নিরিখে বিগত ২৭/০৩/২০২৩ তারিখে PDP প্রনয়নের কাজ শেষ হয়েছে। পিডিপি অনুসারে নতুন প্রকল্পের সকল | • সভাপতি জানান নতুন প্রকল্পের জন্য পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডের গৃহীত উন্নয়ন প্রকল্পের স্কীম সমূহ প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। এ কোয়ার্টারে সর্বশেষ IUGIP- প্রকল্পের অধীনে সলিড ওয়েজ ম্যানেজমেন্ট সহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।<br>• প্রকল্প অফিস কর্তৃক নির্দেশনা অনুযায়ী সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হচ্ছে।<br>• IUGIP- প্রকল্পের জন্য | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। | | | |
| ২.২ | ● উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | ● নগর পরিকল্পনা ইউনিট চলমান রাখা<br>● কমপক্ষে ৬০% ইমারত নির্মাণ/পুণঃনির্মাণ ভূমি উন্নয়ন কার্যক্রমে নিয়ন্ত্রন আরোপিত<br>● সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফলপ্রসু নিবারণ কার্যকর | ● প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>● পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ● ১৮/০২/২০২১ খ্রি. তারিখে নগর পরিকল্পনা ইউনিট পুনঃগঠন করা হয়।<br>● ১২/০৯/২০২৩ ইং তারিখে এই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।<br>● কোয়ার্টার এ ৬২ টি প্ল্যান এর আবেদন পাওয়া গেছে। ২২ টি অনুমোদন দেয়া হয়েছে । | ● প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>● প্ল্যান অনুমোদন দেয়ার ক্ষেত্রে নাগরিকবৃন্দ যাতে কোন প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>● পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/প্রকৌশল বিভাগ |
| ২.৩ | ● বাজেট বরাদ্দ সহ বার্ষিক Operation & Maintenance (O & M) কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। | ● O & M Plan প্রস্তত, অনুমোদিত, বাস্তবায়িত এবং পৌরসভার ওয়েবসাইটে প্রকাশিত<br>● প্রতি বছর কমপক্ষে ৫% বাজেট বরাদ্দ বৃদ্ধি | ● বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● O & M খাতে ৯টি ওয়ার্ডের বিভিন্ন স্থানে সংস্কারের উদ্যোগ নেয়া হয়েছে।<br>● চলতি অর্থ বছরেএখাতে বাজেট রাখা হয়েছে ৪৩০০০০০/- টাকা<br>● জুলাই-সেপ্টেম্বর'২০২৩ কোয়ার্টারে ব্যয় হয়েছে ৬,৯২,৫০০/- টাকা। | ● কোয়ার্টারলি কার্যক্রমের পরিকল্পনা পৌরসভার ওয়েবসাইট এ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/পৌর নির্বাহী কর্মকর্তা/প্রকৌশল বিভাগ/হিসাব রক্ষক |

## ক্ষেত্র- ৩ ঃ নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr>
<td>৩.১</td>
<td>• জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)<br>• GAP বাস্তবায়নে মাসিক সভা অনুষ্ঠান, কার্য বিবরণী প্রস্তুত ও বিতরণ এবং বাস্তবায়নের</td>
<td>• আলোচ্য বিষয় ও কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ GAP TLCCকর্তৃক অনুমোদিত<br>• রাজস্ব বাজেট হতে তহবিল বরাদ্দ করে পরিকল্পনা অনুযায়ী GAP কার্যক্রম বাস্তবায়িত</td>
<td>জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ১৮/০২/২০২১ খ্রি. তারিখের বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি পুনঃগঠন করা হয়।<br><br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
<table>
<tr><th>ক্রম</th><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে</th></tr>
<tr><td>১</td><td>মিজ সালেহা</td><td>১ নং</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনাব নির্মলেন্দু</td><td>মেয়র,</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>মিজ শাহিদা</td><td>২ নং</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মিজ উক্রইঞো মার্মা</td><td>প্যানেল মেয়র-৩ ও</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>জনাব মোঃ শাহ আলম</td><td>প্যানেল মেয়র-১ ও</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>জনাব পরিমল দেবনাথ</td><td>প্যানেল মেয়র-২ ও</td><td>সদস্য</td></tr>
</table>
<br># জনাব প্রভাত তালুকদার, টিকানকারী ও সহকারী</td>
<td>• কমিটির নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলমান কোয়ার্টারের ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক সম্পাদন করা হয় মর্মে সদস্য সচিব সভায় অবগত করেন। উক্ত উঠান বৈঠক সমূহে মেয়র কাউন্সিলর বৃন্দ সহ উপস্থিত ছিলেন। এছাড়াও GAP এর</td>
<td>• জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা হবে।<br>• প্রতি কোয়ার্টারের জন্য উঠান বৈঠক সমূহ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি</td>
</tr>
</table>

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত PMO-তে প্রেরণ।<br>• GAP বাস্তবায়নে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা উপস্থাপন, আলোচনা ও রেকর্ডকরণ (বক্তার নামসহ);<br>• এ TLCC সভায় GAP এর আলোচনার বাইরেও নারী সদস্য কর্তৃক আলোচিত গুরুত্বপূর্ণ বক্তব্য বক্তার | | **এসেসর (ভাঃ), খাগড়াছড়ি পৌরসভা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।** | আওতায় সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে।<br>• চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে GAP খাতে বাজেট রাখা হয়েছে ২৫,০০,০০০/-টাকা।<br>• জুলাই-সেপ্টেম্বর’২০২৩ কোর্য়াটারে GAP এর ত্রৈমাসিক ব্যয় ৩৬৩৮৭০/-টাকা।<br>• **১৮/০২/২০২** | | |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারি শ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্ত া |
|---|---|---|---|---|---|---|
| | নামসহ রেকর্ডকরণ । | | | **১ খ্রি.** তারিখের বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি পুনঃগঠন করে সংশোধনী আনা হলো। | | |
| ৩.২ | • দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী | • আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ PRAPTLCCকর্তৃক অনুমোদিত | • বিগত **১৮/০২/২০২১ খ্রি.** তারিখে বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PRAP) পুনঃ গঠন করা হয়। কমিটি নিম্নরূপ:<br><br>\| ক্র \| নাম \| পদবী \| কমিটিতে \| | • পুনঃ গঠিত কমিটি দায়িত্ব পাওয়ার পর থেকে নিয়মিত মাসিক সভা করা হচ্ছে। প্রাপ কমিটির আওতায় বিভিন্ন | • প্র্যাপ কমিটির আওতায় শিক্ষা অনুদান চলামান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত | |

<table>
<tr>
<th>ক্রঃ নং</th>
<th>কর্মতৎপরতা</th>
<th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th>
<th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th>
<th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th>
<th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th>
<th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th>
</tr>
<tr>
<td></td>
<td>কমিটি (PRAP) (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)</td>
<td>● রাজস্ব বাজেট হতে তহবিল বরদ্দ করে পরিকল্পনা অনুযায়ী PRAP বাস্তবায়ন</td>
<td>
<table>
<tr><td>১</td><td>জনাব রেজাউল করিম</td><td>৬ নং সাধারণ আসনের কাউন্সিলর</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>জনাব নির্মলেন্দু চৌধুরী</td><td>মেয়র, পদাধিকার বলে</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>জনাব পরিমল দেবনাথ</td><td>প্যানেল মেয়র-২ ও</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মিজ শাহিদা আক্তার</td><td>২ নং সংরক্ষিত আসনের</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>জনাব আব্দুল মজিদ</td><td>৫ নং সাধারণ আসনের</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>জনাব রফিকুল ইসলাম রাজু</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ৬ নং</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মিজ মোছাঃ নাছিমা বেগম</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ৬ নং</td><td>সদস্য</td></tr>
<tr><td>৮</td><td>জনাব মো জহিরুল</td><td>নির্বাহী প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>৯</td><td>LCDA ( Communit</td><td>LCDA ( Communit</td><td>সদস্য</td></tr>
</table>
<br>
# জনাব আবু তাহের, এসেসর, খাগড়াছড়ি পৌরসভা, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
</td>
<td>প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এই কমিটির আওতায় প্রকল্পের নির্দেশনা মোতাবেক অত্র পৌর এলাকার বস্তি সমূহের চলমান উন্নয়ন মূলক কার্যক্রম করা হয়েছে এবং প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে।<br>● ২০২৩-২০২৪ অর্থ বছরে PRAP খাতে বাজেট</td>
<td>গৃহীত হয়।<br>● আর্থ সামাজিক উন্নয়নের জন্য কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হবে।</td>
<td></td>
</tr>
</table>

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | রাখা হয়েছে ৬৫.০০,০০০/- টাকা।<br>● জুলাই-সেপ্টেম্বর '২০২৩ কোয়ার্টারে PRAP বাবদ ব্যয় হয়েছে ৫,৮১,০০০/-টাকা। | | |
| ৩.৩ | ● বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন | ● নির্বাচিত বস্তিতে SIC গঠিত<br>● নিয়মিত ভাবে SICর সভা আয়োজিত<br>● SIC'র সকল সদস্যের সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত | ● প্রকল্প কর্তৃক নির্দেশনা না পাওয়া পর্যন্ত বস্তি সমূহের উন্নয়নে কাজ করা হবে না।<br>● ০৯টি ওয়ার্ডে পিডিপিতে ১৪ টি বস্তির তালিকা প্রেরণ করা হয়েছে। | | ● প্রকল্প কর্তৃক পরবর্তী নির্দেশনা পাওয়ার পর উক্ত বস্তি সমূহে উন্নয়ন মূলক কাজ করা হবে। | চেয়ার পার্সন এবং সদস্য সচিব প্র্যাপ স্টিয়ারীং কমিটি |

**ক্ষেত্র - ৪ ঃ স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৪.১ | ● হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | ● প্রতি পাঁচ বছর পর পর নিয়মিত কর নির্ধারণ যদি প্রযোজ্য হয় এবং নিয়ম অনুযায়ী প্রতি বছর কর নির্ধারণ সম্পন্ন<br>● বকেয়াসহ হোল্ডিং ট্যাক্স সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে চাহিদার ৮০%)<br>● প্রধান কর খেলাপকারীদের বিরুদ্ধে গৃহীত কার্যক্রম | ● পৌর কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য লিফলেট আকারে এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>● ট্যাক্স আদায়ের রিপোর্ট যথাসময়ে পিএমও তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ● ২০২১- ২০২২ অর্থবছরে রি এসেসমেন্ট কার্যক্রমে প্রাথমিক জরিপে মোট ১৩১৫৬টি হোল্ডিং এর জরিপ কাজ সম্পন্ন হয়েছে।<br>● জুলাই-সেপ্টেম্বর'২০২৩ কোয়ার্টারে ১৩১৫৬ কপি কম্পিউটার বিল প্রিন্ট হয়েছে ও মাঠ পর্যায়ে গ্রাহকের কাছে বিলি হয়েছে। সরকারি ও বেসরকারি সহ ২০২৪-২০২৫ অর্থবছরে মোট দাবি= ৮১০৬৮০৩১/-, ১ম কোয়ার্টার পর্যন্ত মোট আদায়= ২৩০৬৯৪৬৪/- আদায়ের হার ২৬.১১% | ● ২০২৩-২০২৪ অর্থ বছরে পৌর এলাকায় রি-এসেসমেন্টকৃত সকল হোল্ডিং এ পৌর করের বিল বিলি করা হচেচ্ছ এবং কর আদায় কার্যক্রম ও চলমান রয়েছে। | **কর নিরুপন ও আদায় কমিটি ,এসেসর ,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ** |
| ৪.২ | ● পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ ( হোল্ডিং ট্যাক্স ব্যতীত) | ● বকেয়াসহ পরোক্ষ কর, ট্যাক্স, ফিস, ভাড়া এবং ইজারার টাকা নির্ধারণ ও সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে বার্ষিক অফিসিয়াল মূদ্রাস্ফীতির | ● আদায় বৃদ্ধির লক্ষ্যে টিএলসিসি সদস্যগণ সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● জুলাই-সেপ্টেম্বর'২৩ কোয়ার্টারে নন ট্যাক্স বাবদ বাৎসরিক মোট আদায় ১৩১৬০৪৯৭/- টাকা।<br>● জুলাই-সেপ্টেম্বর'২৩ কোয়ার্টারে ৩২০০ কম্পিউটারাইজড ট্যাক্স বিল প্রিন্ট ও বিতরণ করা হয়েছে। | ● পরোক্ষ কর আদায় আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | **কর নিরুপন ও আদায় কমিটি ,এসেসর ,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ** |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | সমপরিমাণ) | | | | |
| ৪.৩ | • কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | • কম্পিউটারাইজড ডাটাবেজ হালনাগাদ করণ<br>• কম্পিউটারাইজড ট্যাক্স বিল উৎপাদিত এবং গ্রাহকগণের নিকট সরবরাহকৃত | সচিব জানান, পৌরসভায় কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চালু আছে এবং ভবিষ্যতেও কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চলমান থাকবে। | • বর্তমানে ১৩১৫৬ টি নতুন হোল্ডিং নির্ধারন করা আছে। | • এ বিষয়ে কার্যক্রম অব্যাহত থাকবে এবং কম্পিউটারাইজ ব্যবস্থাকে আরও উন্নত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | পৌর নির্বাহী কর্মকর্তা |

**ক্ষেত্র - ৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা- (Financial Management, Accountability and Sustainability)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৫.১ | • অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্র: পৌরসভা আইন, | • নাগরিকবৃন্দ ও TLCCর মন্তব্য ও পরামর্শ অনুযায়ী আনুমানিক বাজেটপরিবর্তিত<br>• পৌরসভা পরিষদ কর্তৃক বার্ষিক বাজেট অনুমোদিত এবং পৌর ওয়েবসাইটে | • এই কমিটির আওতায় আগামী অর্থ বছরের জন্য খসড়া বাজেট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• সরবরাহকারী নিয়োগ ও | • সভায় সচিব জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে। কমিটি বাজেটে প্রয়োজনীয় সংযোজন/বিয়োজন করে টিএলসিসি কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে। সে আলোকে বাজেট সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের সর্বমোট ১৭,৬৮,৩৯,৫৬২/- টাকার বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়।<br>• সুবিধা জনক সময়ে অনারম্বড় অনুষ্ঠানের মাধ্যমে উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়।<br>• পৌরসভার ওয়েব | • বাজেট অনুযায়ী পৌরসভার দাপ্তরিক, উন্নয়নমূলক ও অন্যান্য কার্যক্রম গৃহীত হচ্ছে।<br>• ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রণয়নের কাজ চলছে। একটি প্রাক বাজেট সভা | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি, প্রশাসন বিভাগ |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | ২০০৯ এর ৫৫ ধারা) | প্রকাশিত | কোটেশনের মাধ্যমে অত্রাফিসের বিদ্যুৎ, ষ্টেশনারী, কঞ্জারভেন্সী মালামাল ক্রয়ের জন্য সুপারিশ করা হয়। | সাইটে ***http://khagracharipourashava.gov.bd*** এ বাজেটের পূর্ণাঙ্গ কপি প্রকাশ করা হয়েছে। | করা হয়েছে। | |
| ৫.২ | ● অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা। (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | ● বার্ষিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত<br>● বছরে একবার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষার কাজ সম্পাদন ও নিরীক্ষা প্রতিবেদন প্রণীত স্থায়ী কমিটি কর্তৃক প্রণীত নিরীক্ষা প্রতিবেদন TLCC ও পৌর পরিষদে উপস্থাপন | ● কমিটির মাধ্যমে বিভিন্ন বিল ভাউচার যাচাই বাছাই পূর্বক অডিট সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● অডিট নিষ্পত্তির জন্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক গত ২৫/০৯/২০২৩ খ্রি. তারিখে নিরীক্ষা সম্পাদন করা হয়। ২৫/৯/২০২৩ তারিখ নিরীক্ষা প্রতিবেদন দেয়া হয়। যথাসময়ে প্রকল্প অফিসে প্রেরণ করা হবে এবং নিরীক্ষার প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ● কমিটির কার্যক্রম সমূহ কার্যবিবরনী ও সুপারিশ সহ পরিষদের মাসিক অধিবেশনে উপস্থাপন করা হবে।<br>● নিরীক্ষা প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | এবং ৩ মাসের মধ্যে PMOর নিকট প্রেরিত | | | | |
| ৫.৩ | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা প্রবর্তিত | • কার্যক্রম অব্যহত থাকবে। | • কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>• দায়-দেনা রিসিভ পেমেন্ট সহ যাবতীয় কার্যক্রম কম্পিউটার এর মাধ্যমে পরিচালিত হচ্ছে। | • কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৪ | • বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | • বর্তমান ও বকেয়া বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধিত (৯০% বিল পরিশোধিত এবং সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট হতে সনদ সংগৃহীত) | • নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করা হয়।<br>• এই কোয়ার্টারে মোট টেলিফোন বিলের পরিমাণ=৭৪৮০/- টেলিফোন বিল পরিশোধের পরিমাণ=৭৪৮০/-<br>• কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ= ৫৮৭৬১৫/- বিল পরিশোধের পরিমাণ=৫৮৭৬১৫/-<br>• এই কোয়ার্টারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে বিল পরিশোধের সনদ সংগ্রহের জন্য পৌরসভার পক্ষ হতে পত্র দেওয়া হয়েছে। | • নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট পিএমও তে প্রেরণ করা হবে। | |
| ৫.৫ | • স্থায়ী | • স্থায়ী সম্পদের | • পরবর্তী | • স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা হয়েছে। স্থায়ী | • স্থায়ী সম্পত্তির | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন। | তালিকা হালনাগাদ করণ<br>● সম্পদের ভাড়া ও ইজারার মূল্য বৃদ্ধি ও হালনাগাদ করণ<br>● স্থায়ী সম্পদের ডাটাবেজ প্রণীত ও ব্যবহৃত<br>● স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তিত | টিএলসিসি সভায় স্থায়ী সম্পত্তির হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করা হবে। | সম্পদের জন্য রেজিস্টার খোলা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করা হবে। | হালনাগাদ তথ্যাদি কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৬ | ● সকল সরকারি ঋণ পরিশোধ করা | ● কমপক্ষে ৯০% GoB/BMDFএর ঋণ পরিশোধিত এবং বকেয়া অপরিশোধিত ঋনের জন্য নতুন মেয়াদ নির্ধারিত | আলোচনা হয়নি। | ● বিএমডিএফ প্রকল্পের কার্যক্রম চালু হয়েছে। এই প্রকল্প হতে গৃহীত ঋণ যথাসময়ের মধ্যে পরিশোধ করা হবে।<br>● চলমান কোয়ার্টারে কিস্তি প্রয়োজনীয় রাজস্ব সচ্ছলতা সাপেক্ষে পরিশোধ করা হবে। | ● ঋণ সমূহ যথা সময়ের মধ্যে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

ক্ষেত্র - ৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৬.১ | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • নির্ধারিত ব্যবধানে SCর সভা আয়োজিত<br>• সভার আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও TLCCকে অবহিত করণ | • কমিটির কার্যবিবরণী পিএমও অফিসে প্রেরণ করা হবে। | • গুরুত্বপূর্ন স্থায়ী কমিটি সমূহ ৭ম পৌর পরিষদের গত ১৮/০২/২০২১ খ্রি. তারিখের ১ম মাসিক অধিবেশনে গঠন করা হয়েছে।<br>• স্থায়ী কমিটি সমূহের সভার সুপারিশসমূহ আলোচনা করা হয়। আগামী মাসিক অধিবেশনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | • স্থায়ী কমিটির সভার সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। | মেয়র ও পৌর নির্বাহী কর্মকর্তা |
| ৬.২ | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ | • সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• পৌরসভার নিজস্ব বাজেট হতে প্রশিক্ষণ কর্মসূচীর পরিকল্পনা ও বাস্তবায়ন | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে | সফটওয়ারের উপর পৌর কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্প হতে প্রশিক্ষণ দেয়া হয়েছে। | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে।<br>• প্রকল্প নির্ধারিত প্রশিক্ষণ সমূহে অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | মেয়র ও পৌর নির্বাহী কর্মকর্তা |
| ৬.৩ | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ICT | • পৌরসভার ওয়েবসাইট সক্রিয় ও ব্যবহৃত<br>• সংশ্লিষ্ট সকল তথ্য আপলোড এবং | • | • পৌরসভার ওয়েবসাইট: http://khagracharipourashava.gov.bd/ সকল তথ্য নিয়মিত আপলোড এবং হালনাগাদ করা হয়। | • এ কার্যক্রমসমূহে আরও উন্নত করা হবে। | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | ব্যবহার (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | নিয়মিত হালনাগাদকৃত | | • পৌরসভার ওয়েব পোর্টাল http://www.paurainfo.gov.bd/ <br>• পৌরসভার ফেইসবুক পেইজ: https://www.facebook.com/khagracharipourashava/ <br>• এছাড়াও পৌরসভায় মন্ত্রণালয় নির্দেশনা মোতাবেক পৌর ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে এবং সেবা প্রদান করা হচ্ছে। | | |

**ক্ষেত্র - ৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৭.১ | • বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত <br>• মূল এলাকায় বর্জ্য নিয়মিত সংগৃহীত এবং নিরাপদ স্থানে অপসারিত <br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • বর্জ্য সুনির্দিষ্ট স্থানে রাখার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে মাইকিং, পোস্টার ও হ্যান্ডবিলের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়া হয়। <br>• প্রত্যেক সম্মানীত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ স্ব স্ব | • বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম মাসিক পরিকল্পনার ভিত্তিতে বাস্তবায়ন করা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে উন্নত প্রযুক্তির ব্যবহারের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। পৌর এলাকায় IUGIP- থেকে | সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক, কাউন্সিলরবৃন্দ, পৌর নির্বাহী কর্মকর্তা, কঞ্জারভেন্সী শাখা। |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | ওয়ার্ডে বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় মতামত/পরামর্শ প্রদান করবে।<br>● ওয়ার্ডে চাহিদা অনুসারে নারী ও পুরুষ পরিচ্ছন্নতা কর্মী সকল ওয়ার্ডে বিভাজন করে দেয়া হয়েছে।<br>● পরিস্কার পরিচ্ছন্নতা শাখার সকল কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করে কর্মবন্টন করা হয় এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে।<br>● বর্জ্য সংগ্রহ ও অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য জুলাই-সেপ্টেম্বর'২০২৩ কোয়ার্টারে ৫৬০০০০/- টাকা ব্যয় করা হয়। | বরাদ্দ পাওয়া ডাস্টবিন সমূহ ৭নং ওয়ার্ডে পাইলটিং প্রকল্প হিসেবে বিতরন করা হয়েছে। পর্যায়ক্রমে সব ওয়ার্ডে বিতরন করা হবে।প্রকল্প অফিস থেকে বরাদ্দপ্রাপ্ত ৭টি থ্রীহুইলার ভ্যান যথাযথভাবে ৭টি ওয়ার্ডে বিতরন করা হয়েছে। | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৭.২ | • ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• নিয়মিত প্রাইমারী ড্রেন পরিষ্কার<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • নিয়মিতভাবে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে।<br>• গৃহীত পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ওয়ার্ডে ড্রেণ পরিষ্কার করা হয়েছে।<br>• ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণের জন্য **চলতি** কোয়ার্টারে ২৭৪১২৪/- টাকা ব্যয় করা হয়। | • মাসিক পরিকল্পনার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করা এবং প্রতিটি ওয়ার্ডে মাস্টার ড্রেন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ, প্রকৌশল বিভাগ, পৌর নির্বাহী কর্মকর্তা , কঞ্জারভেন্সী শাখা। |
| ৭.৩ | • সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা। | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• ৯০% সড়কে বাতি কার্যকর<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • বাজেট বরাদ্দের ভিত্তিতে কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • সংশ্লিষ্ঠ শাখার প্রতিবেদন মূলে পৌর নির্বাহী কর্মকর্তা জানান, পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডের ৪১৮০ লাইট সচল আছে।<br>• এই কোয়ার্টারে নতুন লাইট ৬০০ টি, রিপেয়ার ২৪৫টি, শেড সহ নতুন লাইন ২৭০টি। হোল্ডার নতুন | • সড়ক বাতি কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পর্যায়ক্রমে সড়কবাতি আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ ও বিদ্যু শাখা |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | ও সংস্কার ২১৫টি। | | |
| ৭.৪ | • অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• অগ্রাধিকার O&M কার্যক্রম বাস্তবায়িত<br>• মোবাইল মেইনটেন্যান্স টিম কার্যকর<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • টিমের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • মোবাইল মেইনটেন্যান্স টিম গঠন করা হয়েছে। এই খাতে ২০২৩-২০২৪ অর্থবছরে ২,৫০,০০০/- টাকা বাজেট ধরা হয়েছে। চলতিকোয়ার্টারে ৫০,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে। | • প্রয়োজন অনুযায়ী পৌর এলাকার সকল ওয়ার্ডে Mobile Maintenance এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। | মেয়র, সংশ্লিষ্ট কাউন্সিলর, প্রকৌশল বিভাগ |
| ৭.৫ | • স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• পাবলিক টয়লেট কার্যকর ও পরিষ্কার<br>• ফেকাল স্লাজ ব্যবস্থাপনা শুরু<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • পৌর এলাকার বস্তি এলাকা সমূহে স্যানিটেশন ব্যবস্থার ব্যাপক চাহিদা রয়েছে। তা পর্যায়ক্রমে পূরণ করা হবে।<br>• স্যানিটেশন খাতে ২০২৩-২০২৪ অর্থ বছরে বাজেটে বরাদ্দ রাখা হয়েছে=২২,০০,০০০/-। | • রাজস্ব স্বচ্ছলতার সাপেক্ষে এ বিষয়ে আরো কর্মসূচি নেওয়া হবে এবং প্রকল্প কর্তৃক বরাদ্দ পেলে জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রকৌশল বিভাগ। |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | • চলতি কোয়ার্টারে খরচ করা হয়েছে = ২,৫০,০০০/- টাকা। | | |
| | **প্রশাসন বিভাগের স্বাস্থ্য বিষয়ক সেবা** | • হোমিও চিকিৎসা সরাসরি ডাক্তারের সাথে সাক্ষাৎ- বিনামূল্যে | কার্যক্রম অব্যাহত রাখা হবে। | • এই কার্যক্রমের মাধ্যমে সাধারণ নাগরিক বৃন্দ উপকৃত হচ্ছে বিধায় কার্যক্রমটি আরও উন্নত করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | • কার্যক্রম অব্যাহত রাখা হবে। | কক্ষ নম্বর ১১০ |

উন্মুক্ত আলোচনায় নাগরিক সমাজের প্রতিনিধি জনাব আজিমুল হক বলেন, নতুন প্রকল্পে অন্তভূক্তি চুড়ান্ত হওয়ায় খাগড়াছড়ি পৌরসভাকে অভিনন্দন। নতুন প্রকল্পের আওতায় তিনি খাগড়াছড়ি পৌরসভাকে নতুন রূপে দেখার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি টমটম গাড়ির একটি সুষ্ঠু ব্যবস্থাপনা, ফুটপাত দখলমুক্ত করা, পরিষ্কার পরিচ্ছন্ন রাস্তাঘাট, খাল ও নালা দখলমুক্ত করার বিষয়ে পৌরসভার হস্তক্ষেপ কামনা করেন।
নাগরিক সমাজের প্রতিনিধি জনাব চন্দনকুমার দে বলেন, মেয়র মহোদয়কে ধন্যবাদ ও অভিনন্দন দিয়ে বলেন শাপলা চত্বর এলাকাটি ট্রাফিক পুলিশ ইচ্ছাকৃতভাবে দড়ি দিয়ে বেধে রেখে পাবলিক যানবাহন চলাচলে ব্যারিকেড তৈরি করে রেখেছে। শুধু সোমবার ও বৃহস্পতিবার বাজার দিনগুলো বাদে অন্যান্য দিন শাপলা মোড় উন্মুক্ত রাখার জন্য মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। বিভিন্ন স্থানে স্পীড ব্রেকার যেগুলো বেশি উচু হয়েছে সেগুলো সহনীয় পর্যায়ে নিয়ে আসার জন্যে এবং মার্কিং করে দেওয়ার জন্যে প্রকৌশল বিভাগে দৃষ্টি আকর্ষণ করে।

পেশাজীবি প্রতিনিধি জনাব লিয়াকত আলী বলেন, বৃহস্পতিবার ও সোমবার বাদেও প্রতিদিন বিকাল ৪ টার পর শহীদ কাদের সড়কে ফুটপাত দখল করে ফড়িয়া সবজি ব্যবসায়ীরা বসে। বাজারের ড্রেনগুলো পরিষ্কার করার পরও বিভিন্ন প্যাকেট, পলিথিন, র‌্যাপিং ইত্যাদি দিয়ে ভরিয়ে রাখে। ফলে এগুলো আবার জ্যাম হয়ে যায়। বৃষ্টির পানি সরতে পারে না তাছাড়া মহিলা কলেজ সড়কটি বিভিন্ন মালবাহী গাড়ি অত্যাচারে এবং সাম্প্রতিক বন্যায় একদম ভেঙ্গে গেছে। তিনি বিদ্যুৎ এর ভোল্টেজ সমস্যার সমাধানের জন্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্যে মেয়র মহোদয়কে অনুরোধ জানান। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব ধীমান খীসা বলেন, আধুনিক সুযোগ-সুবিধা সম্মলিত একটি পর্যটক বান্ধব বাস টার্মিনাল নির্মাণের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। খাগড়াছড়ি একটি পর্যটন শহর প্রতিনিয়ত এ শহরে বিভিন্ন পরিবহনের বাস,

পিকআপ. জীপ, মাইক্রো, কারসহ বিভিন্ন প্রকার গাড়ি প্রতিনিয়ত শহরের প্রধান সড়কের দুইপাশ দখল করে নিচ্ছে। এর থেকে প্ররিত্রান পাওয়া খুবই দরকার। তিনি উপালীপাড়া এলাকায় লাইটপোষ্ট ,কলেজপাড়া এলাকায় স্থায়ী ডাষ্টবিন দেয়ার জন্য অনুরোধ জানান। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব তরুণ কুমার ভট্টাচার্য্য নতুন প্রকল্প

অন্তর্ভূক্তির জন্য অভিনন্দন জানান। বিদ্যুৎ বিভাগের চরম দায়িত্বহীনতার কারণে ০১ নং ওয়ার্ডবাসী চরম দুর্ভোগে আছে। বিশেষ করে বিজিবি এর বিদ্যুৎ লাইনটি ০১ ওয়ার্ড থেকে আলাদা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এয়াড়া চেঙ্গী স্কয়ার মোড় থেকে কলেজ পর্যন্ত অহেতুক রাস্তার দুপাশ দখল করে টমটম গ্যারেজ গড়ে ওঠেছে। এতে সাধারণ পথচারীদের চরম ভোগান্তি হচ্ছে। বেসরকারী সংস্থা (এনজিও প্রতিনিধি) লালসা চাকমা নতুন প্রকল্প অন্তর্ভুক্তির জন্য পৌরসভাকে অভিনন্দন জানান। তিনি বর্তমান কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করে বলেন, পৌরসভার পরিষ্কার পরিছন্নতা কার্যক্রম আরো জোরদার করা প্রয়োজন।

নাগরিক সমাজের প্রতিনিধি এ্যাডভোকেট নুরুল্লাহ হীরু বলেন, পৌরসভার সীমানা সম্প্রসারণ করা জরুরি হয়ে পড়েছে। পর্যটন শহর হিসেবে প্রধান সড়কগুলো বড় করা প্রয়োজন।বিশেষ করে শহরে প্রবেশ এবং বের হওয়ার জন্য ভিন্ন ভিন্ন রাস্তা থাকা জরুরী। চেঙ্গী স্কয়ার থেকে ক্যান্টনমেন্ট এর ভিতর দিয়ে রাস্তাটি দীঘিনালা যাওয়ার জন্যে যদি উন্মুক্ত করে দেয়া যায় তাহলে প্রধান সড়কে যানজট কমে যাবে। আবার শহরে ঢোকার জন্য জুরিন্দাঘাট রাস্তাটি যদি সংযুক্ত করে দেয়া যায় তাহলে রাঙ্গামাটি এবং বান্দরবনগামী গাড়িগুলো পার্শ্ববর্তী শহর দিয়ে চলে যেতে পারবে। তিনি ০৬ নং ওয়ার্ড যেহেতু ঝুকিপূর্ণ এলাকা যাতায়াতের জন্য সিড়ি এবং এইচ বি বি রাস্তা করে দেওয়ার জন্য অনুরোধ জানান।

এলজিডি প্রতিনিধি বলেন, শহরের যে সড়কগুলো সাম্প্রতিক বন্যায় কম ক্ষতিগ্রস্থ হয়েছে সেগুলো রুটিন ম্যানটেইনেন্স এর আওতায় দ্রুত মেরামত করলে ক্ষতিও কম হবে অর্থের অপচয় কম হবে। পরিস্কার পরিচ্ছন্নতা কাজে জনসচেতনতা বৃদ্ধির জন্য তিনি সকল নাগরিকের মাঝে সচেতনতামূলক বার্তা প্রচারের ব্যবস্থা নেয়া যেতে পারে।

পেশাজীবি প্রতিনিধি (আইনজীবি) জনাব জসিম উদ্দিন বলেন, পৌর এলাকায় যানজট নীরসনের জন্য ৩টি ফুট ওভার ব্রীজের প্রস্তাবনা ছিলো। শাপলা চত্বর, চেঙ্গী স্কয়ার, কোর্ট বিল্ডিং এগুলো জনস্বার্থে খুবই জরুরী। অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং আবর্জনা অপসারণের জন্য দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।

নাগরিক সমাজের প্রতিনিধি ও জেলা পরিষদের সম্মানিত সদস্য কল্যাণ মিত্র বড়ুয়া বলেন, টমটম ব্যবস্থাপনা বিষয়ে মেয়র মহোদয়ের সভাপতিত্বে পৌরসভায় মিটিং হয়েছে। মেয়র মহোদয় ডেঙ্গু আক্রান্ত হওয়ায় বেশকিছুদিন অসুস্থ ছিলেন। তিনি আরেকটু সুস্থ হয়ে ওঠলে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানান। তিনি জিরো মাইল এলাকায় পৌর টার্মিনাল স্থানান্তরের জন্য প্রস্তাবনা রাখেন।

মেয়র মহোদয় বলেন, সাম্প্রতিক বন্যায় পৌর এলাকায় রাস্তাঘাট ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এর মধ্যে জেলা প্রশাসক কার্যালয় থেকে পৌর বালু মহাল ইজারা প্রদান করা হয়। সেখানে কোটি কোটি টাকা ইনকাম হলেও পৌরসভার যে ০৬টি ঘাট থেকে উত্তোলন পরিবহন করা হয় সেগুলো যত্রতত্র পৌর এলাকার রাস্তাঘাট আরো ক্ষতিগ্রস্থ করছে। কিন্তু পৌরসভার রাস্তা মেরামতের জন্য জেলা প্রশাসক থেকে আলাদা কোন বরাদ্দ প্রদান করা হয় না। পৌরসভাকে নিজস্ব হোল্ডিং ট্যাক্স এর যাবতীয় ব্যয় নির্বাহ করতে হয়, কারণ সরকারি যে উন্নয়ন বরাদ্দ দেয়া হয় তাতে ভালো করে পৌর এলাকার একটি রাস্তা বা ড্রেন পূর্ণাঙ্গভাবে শেষ করা সম্ভব না। কাজেই অবকাঠামো উন্নয়ন করার জন্য পৌরসভাকে সর্বদা দাতাসংস্থার বিভিন্ন প্রকল্পের উপর নির্ভর করতে হয়। তিনি পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে জানান। কিন্তু জনসচেতনতা সৃষ্টি না হলে পৌরসভার একার পক্ষে এ শহর পরিষ্কার রাখা সম্ভব না। তিনি ফুটওভার ব্রীজের বিষয়ে বলে রোডস এন্ড হাইওয়েজ এর আওতায় প্রাথমিক অবস্থায় কোর্ট বিল্ডিং এলাকায় একটি ফুটওভার ব্রীজ নির্মাণের ব্যবস্থা নেয়া হচ্ছে।

তিনি নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) অফিস থেকে প্রাপ্ত একটি পত্র সভায় পাঠ করে শোনান। তিনি বলেন প্রকল্প অফিসের স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১০৩.২০২৩/১৫৩ তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রিঃ মূলে " বাংলাদেশ সরকার ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন Result Based Lending(RBL) ভাবধারার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প(IUGIP) এর আওতায় Disbursement Linked Indicator(DLI) ভিত্তিক Urban Governance Improvement Action Plan(UGIAP) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার বিষয়ে TLCC কমিটির এবং পৌর পরিষদ সভার অনুমোদন দাখিল করতে হবে। তা না হলে IUGIP একটি Performance Based এবং DLI ভিত্তিক প্রকল্প হওয়ায় সময়মত UGIAP কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার ব্যতিরেকে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ গ্রহণ এবং প্রকল্পের অর্থ বরাদ্দ দেয়া হবে না। কাজেই আজকের সভায় প্রকল্প

নির্ধারিত "বাস্তবায়ন সূচক" গুলো যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। তিনি এ বিষয়ে সকলের মতামত জানতে চান।

**<u>বিস্তারিত আলাপ আলোচনার পর নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ</u>**

১) বাংলাদেশ সরকার ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন Result Based Lending(RBL) ভাবধারার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প(IUGIP) এর আওতায় Disbursement Linked Indicator(DLI) ভিত্তিক Urban Governance Improvement Action Plan(UGIAP) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে খাগড়াছড়ি পৌরসভা টিএলসিসির উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দের সর্বসম্মতিতে একমত হয়ে অঙ্গীকার প্রদানে সম্মত হলো।
২) যথাসময়ে অক্টোবর ২০২৩ এর মাঝামাঝি পৌরসভা টমটম গাড়ির বিষয়ে অভিযান পরিচালনাসহ অন্যন্যা বিষয় সর্ম্পকে আলোচনা ক্রমে বাস্তবায়ন করা হবে।
৩) পরিস্কার পরিছন্নতা কার্যক্রম জোড়দার করার জন্য সকল ওয়ার্ড কাউন্সিলরবৃন্দকে বিশেষ স্ব স্ব ওয়ার্ডে বিশেষ মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৪) ডেঙ্গু প্রতিরোধে প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরবৃন্দের তত্ত্ববধানে বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।
৫) ফুটপাথ দখলমুক্ত করার জন্য পুনরায় মাইকিং করে অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা হরেন।**

**(নির্মলেন্দু চৌধুরী)**
মেয়র ও চেয়ারপার্সন,
নগর সমন্বয় কমিটি **(TLCC)**, খাগড়াছড়ি
পৌরসভা।

**স্মারক নং-খাঃ পৌঃ কাঃ/** **তারিখঃ ........../........../২০২৩খ্রি.**

<u>অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম ।
৩. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭. **জনাব.................................................................................................................................** সদস্য, টিএলসিসি কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
৮. পৌর কাউন্সিলর জনাব.....................................................................................................(সকল) নং............ ওয়ার্ড/১/২/৩ নং সংরক্ষিত আসন, সভাপতি/সদস্য/সদস্য টিএলসিসি কমিটি/.........................................................................কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
৯. বিভাগীয় প্রধান (সকল), এ অফিস।
১০. জনাব.......................................................................... শাখা প্রধান/শাখা/সদস্য সচিব.......................................................................কমিটি (সকল) এ অফিস।
১১.

অফিস কপি।

**(পারভীন আক্তার খোন্দকার)**
পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব
নগর সমন্বয় কমিটি, **(TLCC)**
খাগড়াছড়ি পৌরসভা।